

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
ই-১২/এ, আগারগাঁও, ডাক বাব্ব নং-২৪০, ঢাকা-১২০৭

বার্ষিক প্রতিবেদন ২০১৪-২০১৫

১. পটভূমিঃ

রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প এবং দেশের অন্যান্য নিউক্লীয় ও বিকিরণ স্থাপনাসমূহ নিয়ন্ত্রণের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ' (বাপশনি) আইন-২০১২ প্রণয়ন করে। উক্ত আইন মোতাবেক ১২ই ফেব্রুয়ারী ২০১৩ ইং তারিখে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ প্রতিষ্ঠিত হয়। বাপশনি আইন-২০১২ ও পানিবিধি বিধিমালা-১৯৯৭ অনুযায়ী কর্তৃপক্ষের রেগুলেটরী কার্যক্রমকে সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে নিউক্লিয়ার সেফটি এন্ড সিকিউরিটি বিভাগ, বিকিরণ নিয়ন্ত্রণ বিভাগ, প্রশিক্ষণ ও নিবন্ধীকরণ বিভাগ এবং পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ নামে চারটি বিভাগ গঠন করা হয়।

২। ভিশন :

রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পসহ দেশে বিরাজমান অন্যান্য পারমাণবিক ও বিকিরণ স্থাপনার অনাকাঙ্ক্ষিত তেজস্ক্রিয় বিকিরণের হাত থেকে জনগন ও পরিবেশকে রক্ষাকরণ।

৩। মিশন :

- বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন-২০১২ সুষ্ঠুভাবে বাস্তবায়ন;
- উপরোক্ত আইন বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় মানবসম্পদ উন্নয়ন ও জনসচেতনতা বৃদ্ধিকরণ;
- যুগ উপযোগী বিধি, প্রবিধান, কোড, গাইড, ম্যানুয়েল ইত্যাদি প্রণয়ন।

৪। প্রধান প্রধান কার্যক্রম :

- ❖ তেজস্ক্রিয় পদার্থসহ বিকিরণ সৃষ্টিক্রম যন্ত্রপাতি ব্যবহারকারী প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে রেগুলেটরী পরিদর্শন কার্যক্রম পরিচালনা;
- ❖ বিকিরণের ক্ষতিকর দিক এবং সুরক্ষার উপায় সম্পর্কে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;
- ❖ মানব সম্পদ উন্নয়ন এবং বিকিরণ সৃষ্টিক্রম যন্ত্রপাতি ব্যবহারকারী কর্মকর্তাগণের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ ও নিবন্ধীকরণ কর্মসূচী গ্রহণ;
- ❖ রেগুলেটরী কার্যক্রমের মাধ্যমে রাজস্ব আয় বৃদ্ধি।
- ❖ রূপপুর বিদ্যুৎ প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নসহ কমিশনের সভারস্ব 3 MW TRIGA MARK-II গবেষণা চুল্লীর নিরাপত্তা বিধান, লাইসেন্স প্রদান, বর্জের পরিবহন, সংরক্ষণ, ডিসপোজাল এবং চালনা সংক্রান্ত কার্যক্রম নিয়ন্ত্রণকরণ;
- ❖ গবেষণা ও উন্নয়নমূলক কার্যক্রম এবং

৫। সাংগঠনিক কাঠামো : বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ৩৬০ (তিন শত ষাট) জন জনবল সম্পর্কিত একটি খসড়া সাংগঠনিক কাঠামো (Annex-I) প্রস্তুত করে সদয় অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

উল্লেখ্য যে, বর্তমানে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের বিভিন্ন পর্যায়ের ৪৩ (তেতাল্লিশ) জন কর্মকর্তা/কর্মচারী কর্মরত রয়েছে। উক্ত কর্মকর্তা/কর্মচারীগণের সমন্বয়ে কর্তৃপক্ষের কার্যক্রম পরিচালিত হচ্ছে।

৬। ২০১৪-২০১৫ অর্থ বছরে সম্পাদিত উল্লেখ যোগ্য কার্যাবলী :

৭। পারমাণবিক নিরাপত্তা সংক্রান্ত কার্যক্রমঃ

- রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের Site Licence-এর জন্য Regulatory Requirement অনুসারে EIA Report মূল্যায়নের লক্ষ্যে খসড়া Standard Review Procedure Document তৈরীর কার্যক্রম চলছে।
- বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এবং আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থা এর যৌথ উদ্যোগে গত ১৮-২০ নভেম্বর ২০১৪ "An Introduction to Safety Assessment for Nuclear Power Programmes" শীর্ষক একটি জাতীয় কর্মশালার আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, বাপশনিক, বিভিন্ন মন্ত্রণালয় এবং বিভিন্ন সংস্থা, ঢাকা বিশ্ববিদ্যালয়, বুয়েট এর শিক্ষিক/বিজ্ঞানী ও কর্মকর্তাসহ সর্বমোট ৫৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।
- BAERA-এর Website-এ তথ্য সমৃদ্ধকরণের লক্ষ্যে তথ্য সরবরাহ এর কাজ চলছে।
- বাংলাদেশ সরকার এবং রাশিয়া সরকারের সাথে Bilateral agreement-এর আলোকে গত ১২-১৬ জানুয়ারী ২০১৫ ইং তারিখে রাশিয়ান ফেডারেশনের ১৫ সদস্যের একটি প্রতিনিধি দলের সঙ্গে BAEC, NPED, BAERA এবং অন্যান্য মন্ত্রণালয় এবং সংস্থার প্রতিনিধিদের সাথে Joint Working Group on (i) Nuclear Infrastructure (ii) Nuclear Education & Personnel Training and (iii) Nuclear Stake Holders Involvement তিনটি বিষয়ের উপর যৌথ সভা অনুষ্ঠিত হয়।
- আগামী ১০-১৩ February ২০১৫ BAERA, BAEC এবং IAEA-এর যৌথ উদ্যোগে Nuclear Safety and Security theme এর উপর একটি জাতীয় কর্মশালা আয়োজনের উদ্দেশ্যে একটি যৌথ সভা অনুষ্ঠিত হয়।
- ১৬-১৯ মার্চ ২০১৫ IAEA Review and Coordination Mission-এর সাথে দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় IAEA Mission দেশের পারমাণবিক অবকাঠামো উন্নয়ন এবং পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের লক্ষে IAEA-এর সহযোগিতায় প্রণীত Integrated Workshop পর্যালোচনা ও চূড়ান্তকরণ করা হয়।
- গত ৩০ মার্চ – ০১ এপ্রিল ২০১৫ ইং তারিখে Russian Regulatory Authority (ROSTECHNADZOR) এর উচ্চ পর্যায়ের একটি প্রতিনিধি দল-এর সাথে Bangladesh Atomic Energy Regulatory Authority & BAEC -এর যৌথ উদ্যোগে একটি ওয়ার্কশপ -এর আয়োজন করা হয়।

